



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং-বিঅ-৬/৭০৩৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৩০৯৮

তারিখ: ০২-০৩-২০২১

বিষয়: অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০১-০২-২০২১ তারিখের আবেদন (আইডি- ৪৮০৭)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার মহম্মদপুর উপজেলাধীন রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয় এর এডহক কমিটির সভাপতি মৃত ইসাহাক সর্দারের পুত্র জনাব আব্দুস সালাম সর্দার এর বিরুদ্ধে প্রধান শিক্ষক একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে উল্লেখ করেছেন যে, সভাপতি তাকে শারিরীকভাবে নির্যাতন করেছেন এবং জীবননাশের হুমকি প্রদান করেছেন। থানায় বিভিন্ন সময়ে জিডি করা সহ এ বিষয়ে মামলা করা হয়েছে বলে তিনি আবেদনে উল্লেখ করেছেন, যার নং-২৯/৫৬, তারিখ-৩০/০৩/২০১৩। তিনি সভাপতিকে সন্ত্রাসী হিসেবে পরিচয় দিয়েছেন এবং আবেদনের স্বপক্ষে থানায় মামলা দায়েরের কপিও সংযুক্ত করেছেন। এমতাবস্থায় প্রধান শিক্ষকের আবেদনের প্রেক্ষিতে সভাপতির বিরুদ্ধে আনিত অভিযোগ এবং সভাপতি দণ্ডিত আসামী কিনা সে বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২-০৩-২০২১

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০৪২১-৬৮৬৩৪

উপজেলা নির্বাহী অফিসার
মহম্মদপুর, মাগুরা।

নথি নং-বিঅ-৬/৭০৩৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৩০৯৮ (৫)

তারিখ: ০২-০৩-২০২১

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহম্মদপুর, মাগুরা।
- ৩। প্রধান শিক্ষক, রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়, কাওড়া, মহম্মদপুর, মাগুরা।
- ৪। সভাপতি, এডহক কমিটি, রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়, কাওড়া, মহম্মদপুর, মাগুরা।
- ৫। অফিস নথি।

০২-০৩-২০২১

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : কাওড়া, উপজেলা : মহম্মদপুর

জেলা : মাগুরা।

(স্থাপিত : ১৯৭১ ইং)

প্রতিষ্ঠান নম্বর

: ৫৭০২০৭১৩০৩

স্কুল কোড

: ৭০৩৫

কেন্দ্র কোড

: ৩৪৯

মোবাইল নং

: ০১৭১৫-৪৫১৭৩৫

EIN No

: 118030

E-mail : rss118030@gmail.com

স্মারক নং -

তারিখ : ১১.০১.২২

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয় : মৃত. ইসাহাক সর্দারের পুত্র আঃ সালাম সর্দারকে রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়ের এডহক কমিটির সভাপতি
বাতিল করণ প্রসঙ্গে।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, গত ইং ২৮.০১.২০২১ তারিখ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর কর্তৃক প্রেরিত আঃ সালাম সর্দারকে রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়, মহম্মদপুর, মাগুরাকে এডহক কমিটির সভাপতি অনুমোদন দেওয়া হয়েছে।। উক্ত সালাম সর্দার ২০১৩ সালে বিদ্যালয়ের কমিটির সভাপতি না হতে পেরে প্রধান শিক্ষককে মেরে হাত ভেঙ্গে সমস্ত শরীরে কাটা ফুটিয়ে জীবন শেষ করে দিতে চেয়েছিল। মাগুরা সদর হাসপাতালে চিকিৎসা হয়। এ নিয়ে মামলা হয় নং-২৯/৫৬ তাং ৩০.০৩.২০১৩ ইং মহম্মদপুর। সে একজন সন্ত্রাসী। তার বেপরোয়া কর্মকাণ্ডে যে জিডি বা মামলা হয় তা পর্যায়ক্রমে ০৭/২০১০/ মামলা, জিডি-৬২৬/২০১০, জিডি-৯৯৬/২০১০, জি.আর ২২৩/২০১৫, জিডি-৫৩৬/২০২০। উপরিস্থিতি মামলা/ জিডি আছে। এছাড়া আরো অনেক সন্ত্রাসী কর্মকাণ্ড আছে। যা উক্ত কর্মকাণ্ডের নথি সংযুক্ত।

অতএব মহোদয় বিনীত আরোজ এই যে একজন সন্ত্রাসী কর্মকাণ্ড সৃষ্টিকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষা ও সার্বিক কার্যক্রম পরিচালনা করতে ব্যহত হতে পারে মর্মে উক্ত সালাম সর্দারকে এডহক কমিটির সভাপতি হিসেবে অনুমোদন বাতিল করতঃ বিদ্যালয়ের সার্বিক কার্যক্রম সু-শৃঙ্খলতার সাথে পরিচালনার জন্য গ্রহণযোগ্য জনপ্রিয় সমাজ সেবককে এডহক কমিটির সভাপতি হিসাবে অনুমোদন দেওয়ার যথাযথ ব্যবস্থা গ্রহণে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক,

(মোঃ আবুল কালাম আজাদ)

প্রধান শিক্ষক

রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়

মহম্মদপুর, মাগুরা।

(মোঃ আবুল কালাম আজাদ)

প্রধান শিক্ষক

রাড়ীখালী মাধ্যমিক বিদ্যালয়

মহম্মদপুর, মাগুরা।

ইনডেক্স নং-১০০৮১৭০

তারিখ : ১১.০১.২০২১ ইং

সংযুক্তি : ১। আঃ সালাম সর্দারের জীবনকাহিনী।